

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
প্লট-এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখ: ২৬ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস রিলিজ

২৬/১০/২০২৫ তারিখে কয়েকটি জাতীয় পত্রিকায়/মিডিয়ায় বেনাপোল স্থলবন্দরে সন্ধ্যা ৬:০০ টার পর আমদানি-রপ্তানি কার্যক্রম বন্ধ করার জন্য কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত প্রদান করা হয়েছে মর্মে বিভিন্ন শিরোনামে সংবাদ প্রকাশিত/পরিবেশন করা হয়েছে। সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া এবং সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডার ও সেবাগ্রহীতাদের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক সকলের জ্ঞাতার্থে প্রকৃত তথ্য জানানো হলো।

বেনাপোল স্থলবন্দরের আমদানি-রপ্তানি পণ্যের প্রবেশ/বহির্গমনে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক নতুন কোন আদেশ/বিধিনিষেধ আরোপ করা হয়নি। বরং পূর্বের ন্যায় যথানিয়মে আমদানি পণ্যের বাংলাদেশে প্রবেশ ও রপ্তানি পণ্য বাংলাদেশ থেকে বহির্গমন ব্যবস্থা অব্যাহত আছে। এ বিষয়ে বিভ্রান্তি না হয়ে সংশ্লিষ্ট সকল সেবাগ্রহীতাকে বেনাপোল কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সেবা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে।

সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া-কে সৃষ্ট বিভ্রান্তি দূর করে প্রকৃত তথ্য পাঠকদের উদ্দেশ্যে প্রচার করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড বিশেষভাবে আহ্বান জানাচ্ছে।

-জাতীয় রাজস্ব বোর্ড